ফাতওয়া নাম্বার: ১৫৮ প্রকাশকালঃ১০-০৩-২০২১ ইং

সাদাকা করার নিয়তে কি ঘুষের টাকা নেওয়া যাবে?

প্রশ্নঃ

সরকারি চাকরিতে বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কাজ বাবদ অনেক সময় ঘুষের অফার আসে। সাদাকা করার নিয়তে এ টাকা নেওয়া যাবে কি না?

প্রশ্নকারী- ইবরাহীম

উত্তর:

ঘুষ নেয়া হারাম। তা অন্যায়ভাবে অন্যের মাল ভক্ষণ করার অন্তর্ভুক্ত। সাদাকার উদ্দেশ্যেও ঘুষ নেয়া জায়েয নয়; যেমন জায়েয নয় সাদাকার উদ্দেশ্যে অন্যের মাল চুরি করা বা ডাকাতি করা।

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

{يَاأَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَأْكُلُوا أَمْوَالَكُمْ بَيْنَكُمْ بِالْبَاطِلِ} [النساء: 29]

"হে ঈমানদারগণ! তোমরা অন্যায়ভাবে একে অন্যের সম্পদ ভক্ষণ করো না।" -সূরা নিসা (০৪): ২৯

আল্লাহ তাআলা পবিত্র। তিনি পবিত্র সম্পদ ছাড়া সাদাকা কবুল করেন না। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন-

إِنَّ اللَّهَ طَيِّبٌ لاَ يَقْبَلُ إِلاَّ طَيِّبًا. صحيح مسلم : 2393

"আল্লাহ তাআলা পবিত্র। তিনি পবিত্র বৈ কিছু কবুল করেন না।" - সহীহ মুসলিম: ২৩৯৩

অন্য হাদিসে ইরশাদ করেন,

"من جمع مالا حراما، ثم تصدق به، لم يكن له فيه أجر، وكان إصره عليه". أخرجه ابن حبان، وقال الشيخ شعيب: إسناده حسن ... وأخرجه الحاكم ... وصححه، ووافقه الذهبي.

"যে ব্যক্তি হারাম সম্পদ উপার্জন করে তা সাদাকা করল, তাতে তার কোনো সওয়াব হবে না; বরং এর গুনাহ তার উপরই বর্তাবে।" - সহীহ ইবনে হিব্বান ৩২১৬

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২১-০৭-১৪৪২ হি.

০৬-০৩-২০২১ ইং